

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৪
www.lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.১২৮.১৫.০০১.২০-১৬৭

তারিখ : ২৪ ফাল্গুন ১৪৩১
৯ মার্চ ২০২৫

প্রজ্ঞাপন

বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ঢাকা, যশোর, ফরিদপুর, কুমিল্লা, নোয়াখালী, টাঙ্গাইল, খুলনা, রংপুর, বরিশাল, সিলেট, বগুড়া, পাবনা, ময়মনসিংহ, কিশোরগঞ্জ, নেত্রকোনা, শেরপুর, জামালপুর, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, রাজবাড়ী, শরীয়তপুর, মাদারীপুর, গোপালগঞ্জ, ব্রাহ্মণবাড়ীয়া, চাঁদপুর, লক্ষ্মীপুর, ফেনী, সাতক্ষীরা, বাগেরহাট, নীলফামারী, লালমনিরহাট, কুড়িগ্রাম, গাইবান্ধা, পিরোজপুর, ঝালকাঠি, ভোলা, সুনামগঞ্জ, হবিগঞ্জ, মৌলভীবাজার, জয়পুরহাট, সিরাজগঞ্জ, গাজীপুর, নরসিংদী, নারায়ণগঞ্জ, মুন্সীগঞ্জ, মানিকগঞ্জ, দিনাজপুর, ঠাকুরগাঁও, পঞ্চগড়, চট্টগ্রাম, কক্সবাজার, গটুয়াখালী ও বরগুনা জেলার ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল এবং ল্যান্ড সার্ভে আপিল ট্রাইব্যুনালের বিচারক কর্তৃক বদলীকৃত মামলাসমূহ বিচার ও নিষ্পত্তির জন্য State Acquisition and Tenancy Act, 1950 (Act No. XXVIII of 1951)-এর section 145A-এর sub-section (3C) অনুযায়ী স্ব স্ব জেলার সিনিয়র সহকারী জজ/ সহকারী জজ-কে নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনালের বিচারক এবং একই আইনের section 145B-এর sub-section (3C) অনুযায়ী স্ব স্ব জেলার অতিরিক্ত জেলা জজ-কে নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে ল্যান্ড সার্ভে আপিল ট্রাইব্যুনালের বিচারক হিসেবে নিয়োগ প্রদান-সংক্রান্ত এ বিভাগ কর্তৃক গত ১১-১১-২০২৪ খ্রি. তারিখে নম্বর : ১০.০০.০০০০.১২৮.১৫.০০১.২০-৬৪৮ স্মারকমূলে জারীকৃত প্রজ্ঞাপনের মেয়াদ ০৬(ছয়) মাসের জন্য বর্ধিত করা হলো। উল্লেখ্য, চৌকি অধিক্ষেত্রের ভূমি হতে উদ্ধৃত মামলাসমূহ উক্ত চৌকি আদালতে বদলি করতে হবে।

২। এ আদেশ ১ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ হতে কার্যকর হয়েছে মর্মে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


(এ.এফ.এম গোলামজার রহমান)
উপসচিব (প্রশাসন-১)

তারিখ : ২৪ ফাল্গুন ১৪৩১
৯ মার্চ ২০২৫

নম্বর : ১০.০০.০০০০.১২৮.১৫.০০১.২০-১৬৭(১-৬)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২. জেলা ও দায়রা জজ (সকল)।
৩. সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৪. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
৫. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. অফিস কপি/ গার্ড ফাইল।


০১-০৬-২০২৫
(মোঃ মাসুদ-উর-রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৫৫১০১৩১২

Email: section4@lawjusticediv.gov.bd